গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সমন্বয় শাখা

"শেখ হাসিনার বারতা,
নারী-পুরুষ সমতা"

...

সভাপতি	নাছিমা বেগম এনডিসি সিনিয়র সচিব
সভার তারিখ	১৭/১২/২০১৮
সভার সময়	বেলা: ১১.০০ ঘটিকা।
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

- **আলোচনাঃ**

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্যে সভাপতি চলমান প্রকল্পসমূহের সফল বাস্তবায়নে গুরুত্ব আরোপ করেন। তিনি বিশেষভাবে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন **উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ কর্মসূচি ও কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প** এবং জাতীয় মহিলা সংস্থার আওতাধীন **তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)** এর নির্বিঘ্ন ও সুষ্ঠু বাস্তবায়নের প্রতি সংশ্লিষ্ট কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করার জন্যও নির্দেশনা দেন। কেননা বর্ণিত প্রকল্পগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা হলে তা নারীর ক্ষমতায়নকে সুসংহত করবে। সভাপতি প্রসঙ্গক্রমে ৯ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত **বেগম রোকেয়া দিবস, ২০১৮** এর উদযাপন অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) বেগম লায়লা জেসমিন মাসিক সমন্বয় সভার কার্যপত্র উপস্থাপন করেন। এছাড়া গত ২০/১১/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সচিব সভার সিদ্ধান্তসমূহও অবগতির জন্য সভায় উপস্থাপন করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচির বিষয়ভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	নভেম্বর,২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।	অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, নভেম্বর, ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে এ মন্ত্রণালয়ের এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট নির্ধারণের সিদ্ধান্তটি অনিষ্পন্ন দেখানো হয়েছে। প্রকৃতপক্ষে অতিরিক্ত সচিব (উন্নয়ন)কে ফোকাল পয়েন্ট মনোনীত করে যথাসময়ে অফিস আদেশ জারি করা হয়েছে। সভাপতি এ বিষয়ে কার্যবিবরণীর সংশ্লিষ্ট অনুচ্ছেদ ২.৯- এর সিদ্ধান্ত সংশোধনপূর্বক জারির নির্দেশ দেন।	নভেম্বর, ২০১৮ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ২.৯ সংশোধন সাপেক্ষে দৃঢ়ীকরণ করা হলো।	অতি: সচিব (শিশু ও সমন্বয়), মশিবিম।

২.২	ডিজিটাল নথি ব্যবস্থাপনা।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রোগ্রামার জানান নভেম্বর, ২০১৮ মাসে মন্ত্রণালয়ভিত্তিক ই-ফাইলিং কার্যক্রমে মন্ত্রণালয়ের অবস্থান ৩য় থেকে ৬ষ্ঠ স্থানে অবনত হয়েছে। সভাপতি শিশু ও সমন্বয় উইং এর ই-ফাইলিং কার্যক্রমের ধীর গতিতে অসন্তোষ প্রকাশ করেন। তিনি কার্যনিষ্পত্তির পর অন-লাইনে পত্র জারির নির্দেশনা দেন। ই-ফাইলিং কার্যক্রমে মন্ত্রণালয়ের অবস্থান শীর্ষ পর্যায়ে উন্নীত করার আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার জন্যও নির্দেশ দেন।	ই-ফাইলিং কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য কর্মকর্তাগণ আরো সচেষ্ট থাকবেন। কার্যনিষ্পত্তির পর প্রযোজ্য ক্ষেত্রে অন-লাইনে পত্র জারি করতে হবে।	• অতি: সচিব (শিশু ও সমন্বয়), মশিবিম। • সকল শাখা
২.৩	প্রতি জেলার কার্যক্রম মাঠ অফিস পরিদর্শন।	সভায় জানানো হয় যে, যুগ্মসচিব (প্রশাসন) সাভার উপজেলার আশুলিয়ায় অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্র পরিদর্শন করেন। যুগ্মসচিব (উন্নয়ন-২) পিরোজপুর জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় সরেজমিনে পরিদর্শন করেন। সহকারী সচিব (জামস) জাতীয় মহিলা সংস্থার বরিশাল জেলা অফিস এবং বাকেরগঞ্জ উপজেলা অফিস পরিদর্শন করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন) ৩ টি এবং উপসচিব (প্রশিক্ষণ) ১ টি করে অনলাইন মনিটরিং করেছেন। সভাপতি মাঠ পর্যায়েরর কার্যক্রম গতিশীল রাখার জন্য নিয়মিতভাবে অফিস পরিদর্শন অব্যাহত রাখার নির্দেশনা দেন।	মাঠ পর্যায়ের অফিস নিয়মিতভাবে সরেজমিনে পরিদর্শনের পাশাপাশি অন-লাইনেও পরিদর্শন অব্যাহত রাখতে হবে।	সকল কর্মকর্তা, মশিবিম।
২.৪	এনুয়াল পারফমেন্স এগ্রিমেন্ট (এপিএ) বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম	সি: সহ: প্রধান (প্লাউ) জানান, এপিএ বাস্তবায়ন সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন (কোয়াটার্লি রিপোর্ট) নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। তিনি মন্ত্রণালয়ের এপিএ-তে প্রদর্শিত কাজ সম্পাদন করে ত্রৈমাসিক ভিত্তিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে প্লাউ শাখায় প্রেরণের অনুরোধ জানান। সভাপতি বলেন, ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ের কার্যনিষ্পত্তির সার্বিক অবস্থার চিত্র তুলে ধরে। কাজেই এ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে প্রেরণের জন্য সবাইকে যত্নবান হতে হবে।	মন্ত্রণালয়ের এপিএ-তে প্রদর্শিত মতে কার্যনিষ্পত্তি করে এ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে আবশ্যিকভাবে প্লাউ শাখায় প্রেরণ করতে হবে।	• সকল কর্মকর্তা, মশিবিম। • সি: সহ: প্রধান (প্লাউ), মশিবিম।

২.৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সহায়তায় বাল্যবিবাহ প্রতিরোধের অগ্রগতি বিষয়ক জরিপ পরিচালনা।	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, বাল্যবিয়ের সঠিক পরিসংখ্যান প্রাপ্তির লক্ষ্যে ২০০০ সালকে ভিত্তি বছর ধরে ১৫ বছরের নীচে, ১৫-১৮ বছরের মধ্যে এবং ১৮ বছরের উপরে প্রতি পাঁচ বছরের স্তরভিত্তিক একটি জরিপ কাজ পরিচালনার জন্য বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিসটিকস (বিবিএস) এর সাথে গত ৫/১২/২০১৮ তারিখে মন্ত্রণালয়ের এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মতে এ বিষয়ে বিবিএস এর সাথে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করতে হবে। সভাপতি দ্রুত সমঝোতা চুক্তি স্বাক্ষরের নির্দেশ দেন।	(বিবিএস) এর সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর ত্বরান্বিত করতে হবে ।	জনাব আইনুল কবীর, অতিরিক্ত সচিব (উন্নয়ন) মশিবিম।
২.৬	বাল্যবিয়ের পরিসংখ্যান বিষয়ক ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MIS) গঠন।	মাল্টিসেক্টোরাল প্রোগ্রাম অন ভায়োলেন্স এগেইনস্ট উইমেন প্রকল্পের আওতায় স্থাপিত ন্যাশনাল সেন্টার অন জেন্ডার বেইজড ভায়োলেন্স থেকে বাল্যবিয়ের পরিসংখ্যান বিষয়ক একটি MIS গঠনের জন্য সফটওয়ার তৈরী করার কাজ চলমান রয়েছে।	MIS গঠনের হালনাগাদ তথ্যাদি পরবর্তী সভায় অবহিত করতে হবে।	ড.আবুল হোসেন, প্রকল্প পরিচালক, মবিঅ।
২.৬	মন্ত্রণালয়ের পেনশন কেইস নিষ্পত্তি ।	মন্ত্রণালয়ের কার্যক্রমের মাসিক প্রতিবেদন নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা বাধ্যতামূলক। উক্ত প্রতিবেদনে মন্ত্রণালয়ের পেনশন কেইস নিষ্পত্তির তথ্য উল্লেখ করা হয়। হিসাব রক্ষণ কর্মকর্তা, মশিবিম সভাকে অবহিত করেন যে, ২ জন কর্মকর্তার পিআরএল মঞ্জুরির আবেদন এবং সহায়ক কাগজ-পত্রাদি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি পেনশন কেইসের তথ্যাদি ই-ফাইলিং এর মাধ্যমে সংশ্লিষ্ট শাখাকে অবহিত করার নির্দেশ দেন।	পেনশন কেইস নিষ্পত্তির তথ্যাদি ই-ফাইলিং এর মাধ্যমে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	হিসাব শাখা, মশিবিম।
২.৭	বাংলাদেশ শিশু একাডেমিতে (বাশিএ) শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন।	পরিচালক, বাশিএ সভায় অবহিত করেন যে, উপযোগী কোন কক্ষ না থাকায় এখনো শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন করা সম্ভব হয়নি। সভাপতি একাডেমিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এবং একাডেমিতে আগত মায়েদের ছোট শিশুর যত্নের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সুবিধাদিসহ একটি কক্ষ বরাদ্দের নির্দেশ দেন।	বাংলাদেশ শিশু একাডেমির কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ও একাডেমিতে আগত মায়েদের ছোট শিশুদের সেবা প্রদানের জন্য জরুরীভিত্তিতে একটি কক্ষ প্রয়োজনীয় সুবিধাদিসহ বরাদ্দ করতে হবে। এ কাজ সম্পন্ন করে পরবর্তী মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	পরিচালক, বাশিএ

৩। বিবিধঃ গত ২০ নভেম্বর, ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সচিব-সভার সিদ্ধান্তসমূহঃ

ক্রমিক	সচিব সভার সিদ্ধান্ত	গৃহিতব্য কার্যক্রম	বাস্তবায়নকারী

৩.১	মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের শূন্য পদ পূরণ।	মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থা এবং একাডেমির শূন্য পদ দ্রুত পূরণ করতে হবে।	অতিঃসচিব(প্রশাসন)মশিবিম ।মহাপরিচালক, মবিঅ। নির্বাহী পরিচালক, জামস। পরিচালক, বাশিএ।
৩.২	বাংলাদেশ সচিবালয়ের নতুন ভবণের নির্মাণ কাজ জুন ২০১৯ এর মধ্যে সম্পন্ন করবে। উক্ত ভবনে অর্থ বিভাগ স্থানান্তরিত হলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে অগ্রাধিকার ভিত্তিতে কক্ষ বরাদ্দ দেয়া হবে।	অফিসের স্থান সংকট বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ এবং শাখাসমূহের পরিসখ্যান উল্লেখপূর্বক কক্ষ বরাদ্দের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অবিলম্বে অনুরোধ জানাতে হবে।	যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।
৩.৩	সরকারের গুরুত্বপূর্ণ বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে আন্তঃমন্ত্রণালয় সাহযোগীতা জোরদার এবং সময়ক্ষেপন না করে টেলিফোনে যোগাযোগ করে সমস্যার সমাধান করতে হবে।	সচিব সভার নির্দেশনা প্রত্যেক অনুবিভাগ এবং দপ্তর, সংস্থা ও একাডেমিঅনুসরণ করবে।	অতিঃসচিব (সকল) মশিবিম।মহাপরিচালক, মবিঅ। নির্বাহী পরিচালক, জামস। পরিচালক, বাশিএ।
৩.৪	দাপ্তরিক কাজে বাংলা ভাষা ব্যবহারের ক্ষেত্রে বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত 'বাংলা বানান অভিধান' এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'সরকারি কাজে প্রমিত বাংলা ব্যবহারের নিয়ম' অনুসরণ করতে হবে।	সচিব সভার নির্দেশনা প্রত্যেক অনুবিভাগ এবং দপ্তর, সংস্থা ও একাডেমিঅনুসরণ করবে।	অতিঃসচিব (সকল) মশিবিম।মহাপরিচালক, মবিঅ। নির্বাহী পরিচালক, জামস। পরিচালক, বাশিএ।
৩.৫	মন্ত্রিসভায় উপস্থাপনের নিমিত্ত প্রস্তুতকৃত সার-সংক্ষেপ যথাসম্ভব প্রিসাইসলি প্রস্তুত করতে হবে এবং সভায় উপস্থাপনের জন্য সেটি এডিট করে যথাসম্ভব সংক্ষিপ্ত করে কম সময়ের মধ্যে উপস্থাপন করা।	সচিব সভার নির্দেশনা প্রত্যেক অনুবিভাগ এবং দপ্তর, সংস্থা ও একাডেমিঅনুসরণ করবে।	অতিঃসচিব (সকল) মশিবিম।মহাপরিচালক, মবিঅ। নির্বাহী পরিচালক, জামস। পরিচালক, বাশিএ।
৩.৬	প্রকল্প কাজে অভিজ্ঞ ও দক্ষ অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের প্রকল্পসমূহের পরামর্শক হিসেবে নিয়োগ প্রদান করার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করার পাশাপাশি অপরিহার্য কারন ব্যতীত প্রকল্প সমাপ্তিকাল পর্যন্ত প্রকল্প পরিচালকদের কর্মরত রাখা যেতে পারে।	নির্দেশনাটি মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমিকে অবহিত করতে হবে।	অতিঃসচিব (প্রশা:) মশিবিম।

৩.৭	দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থাসমূহের ই-নথি কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	এ বিষয়ে মাসিক সমন্বয় সভায় প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।	অতিঃসচিব (সকল) মশিবিম।মহাপরিচালক, মবিঅ।নির্বাহী পরিচালক, জামস। পরিচালক, বাশিএ।
৩.৮	মন্ত্রণালয়/ বিভাগের কর্মকর্তাদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার সফটওয়্যারের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করতে হবে।	এ বিষয়ে মাসিক সমন্বয় সভায় প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।	অতিঃসচিব (সকল) মশিবিম।মহাপরিচালক, মবিঅ।নির্বাহী পরিচালক, জামস।পরিচালক, বাশিএ।
৩.৯	মন্ত্রণালয়/ বিভাগসমূহ ভবিষ্যত কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ নিজ ক্ষেত্রে মানবসম্পদ উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ করতে পারে।	মানবসম্পদ উন্নয়ন বিষয়ক প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিঃসচিব (উন্নয়ন) মশিবিম।মহাপরিচালক, মবিঅ। নির্বাহী পরিচালক, জামস। পরিচালক, বাশিএ।
৩.১০	জেলা/উপজেলা পর্যায়ে বার্ষিক কর্মসম্পসদন চুক্তির যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।	মন্ত্রণালয় এবং দপ্তর,সংস্থা ও একাডেমি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	অতিঃসচিব (সকল) মশিবিম।মহাপরিচালক, মবিঅ। নির্বাহী পরিচালক, জামস। পরিচালক, বাশিএ।
৩.১১	সরকারী কাজে তাৎক্ষনিক যোগাযোগের সুবিধার্থে মাননীয় মন্ত্রী ও সচিবগণের একান্ত সচিব পদের বিপরীতে সুনির্দিষ্ট/ কর্পোরেট মোবাইল নম্বরের সংস্থান করা যেতে পারে।	মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা করবে।	অতিঃসচিব (প্রশা:) মশিবিম।
৩.১২	মন্ত্রণালয়/ বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থারসমূহের সকল কর্মকর্তা-কর্মচারিকে ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬’ যথাযথ অনুসরণ নিশ্চিত করতে হবে।	মন্ত্রণালয় এবং দপ্তর,সংস্থা ও একাডেমি তার কর্মকর্তা-কর্মচারিদের এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে।	অতিঃসচিব (সকল) মশিবিম।মহাপরিচালক, মবিঅ। নির্বাহী পরিচালক, জামস। পরিচালক, বাশিএ।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাছিমা বেগম এনডিসি
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৪২.০৬.০০১.১৮. তারিখ: ২৪ পৌষ ১৪২৫

০৭ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩) অতিরিক্ত সচিব, শিশু উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৫) অতিরিক্ত সচিব, মবিঅ অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৬) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর

৭) নির্বাহী পরিচালক , জাতীয় মহিলা সংস্থা

৮) যুগ্ম-সচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৯) যুগ্ম-সচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

১০) উপ সচিব/উপ-প্রধান (সকল) ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

১১) উপ সচিব/উপ-প্রধান (সকল) ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

১২) উপ সচিব/উপ-প্রধান (সকল) ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

১৩) সিনিয়র সহকারী সচিব (সকল)/ সিনিয়র সহকারী প্রধান(সকল)/প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১৪) সহকারী সচিব (সকল)/সহকারী প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

হাছিনা বেগম

উপসচিব